## অধ্যায়-৩ : ব্যাংক সমন্বয় বিবরণী

৮৫. ব্যাংক কর্তৃক ব্যবহৃত দলিল DM মানে কী? (জ্ঞান) /সামসুল হক খান স্কুল এন্ড কলেজ, ঢাকা/

ক) Debit Memorandum খ) Direct Material
গ) Direct Manager ঘ) District Manager — **ক**

৮৬. কোন লেনদেনটি ব্যাংক জমাতিরিক্তের পরিমাণ কমিয়ে দেয়? (অনুধাবন) /রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা/

ক) জমাকৃত চেক প্রত্যাখ্যান
খ) চেকের অর্থ আদায়
গ) চেকের অর্থ পরিশোধ
ঘ) ব্যাংক সুদ ধার্য — **ক**

৮৭. নিচের কোনটির জন্য নগদান বইয়ে জাবেদা দাখিলা দিতে হয়? (অনুধাবন) /হলি ক্রস কলেজ, ঢাকা/

ক) পরিবহনাধীন চেক খ) বকেয়া চেক
গ) ব্যাংকের ভুল ঘ) প্রত্যাখ্যাত চেক — **ঘ**

৮৮. ৫,০০০ টাকার প্রাপ্য বিল ৪,৭৫০ টাকায় বাট্টা করা হয়েছে কিন্তু বিলের সম্পূর্ণ মূল্য নগদান বইতে লেখা হয়েছে। নগদান বইয়ের ব্যাংক উদ্বৃত্ত দ্বারা বিবরণী শুরু করলে কী করতে হবে? (প্রয়োগ) /হলি ক্রস কলেজ, ঢাকা/

ক) ২৫০ টাকা বিয়োগ খ) ২৫০ টাকা যোগ
গ) ৫,০০০ টাকা যোগ ঘ) ৫,০০০ টাকা বিয়োগ — **ক**

৮৯. কোনটি ডেবিট মেমোরেন্ডাম নয়? (অনুধাবন) /ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ/

ক) ব্যাংক সার্ভিস চার্জ খ) চেক প্রিন্টিং খরচ
গ) অর্জিত সুদ
ঘ) অপর্যাপ্ত তহবিল চেক — **গ**

৯০. যদি সমাপ্ত মাসের ব্যাংক বিবরণীতে ৩৬,০০০ টাকা জের দেখানো হয় এবং অপরিশোধিত চেকসমূহ হলো ১২,০০০ টাকা, মাস শেষে ট্রানজিটে জমাসমূহ হলো ৪,০০০ টাকা এবং ৫০০ টাকার অন্য হিসাবের চেক ব্যাংক ভুলক্রমে আমাদের হিসাবকে ডেবিট করেছে। মাস শেষে প্রকৃত ব্যাংক উদ্বৃত্ত কত হবে? (প্রয়োগ) /বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ, ঢাকা/

ক) ২৭,৫০০ টাকা খ) ২৮,৫০০ টাকা
গ) ৫২,০০০ টাকা ঘ) ৫২,৫০০ টাকা — **ক**

৯১. নিম্নের কোনটির জন্য ব্যাংক ক্রেডিট মেমোরেন্ডাম সরবরাহ করবে? (অনুধাবন) /বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ, ঢাকা/

ক) ব্যাংক সার্ভিস চার্জ
খ) অপর্যাপ্ত তহবিল চেক
গ) ব্যাংক কর্তৃক প্রাপ্যবিল আদায়
ঘ) চেকের প্রিন্টিং খরচ — **গ**

৯২. অন্য হিসাবের চেক ব্যাংক কর্তৃক ভুলক্রমে আমাদের হিসাবে ক্রেডিট করা হয়েছে ১,২০০ টাকা। এর ফলে নগদান বইয়ের উদ্বৃত্ত এবং ব্যাংক বিবরণীর উদ্বৃত্তের মধ্যে পার্থক্যের পরিমাণ কত টাকা হবে? (প্রয়োগ) /ঢাকা সিটি কলেজ/

ক) ৬০০ খ) ১,২০০
গ) ১,৮০০ ঘ) ২,৪০০ — **খ**

৯৩. 'পথিমধ্যে চেক' কীভাবে ব্যাংক সমন্বয় বিবরণীতে সমন্বয় করা হয়? (উচ্চতর দক্ষতা) /ঢাকা কমার্স কলেজ/

ক) নগদান বইয়ের উদ্বৃত্ত থেকে বাদ দেয়া হয়
খ) নগদান বইয়ের উদ্বৃত্তের সাথে যোগ করা হয়
গ) ব্যাংক বিবরণীর উদ্বৃত্তের সাথে যোগ করা হয়
ঘ) ব্যাংক বিবরণীর উদ্বৃত্ত থেকে বাদ দেয়া হয় — **গ**

৯৪. ব্যাংকের প্রধান কাজ কী? (জ্ঞান) /ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, জাহানাবাদ, খুলনা/

ক) শেয়ার ইস্যু করা
খ) সিকিউরিটি ক্রয়-বিক্রয়
গ) আর্থিক বিবৃতি তৈরি
ঘ) আমানত গ্রহণ ও ঋণ প্রদান — **ঘ**

৯৫. ব্যাংক সমন্বয় বিবরণী কে প্রস্তুত করে? (জ্ঞান) /আদর্শ বিদ্যালয় ও মহাবিদ্যালয়, রাজশাহী/

ক) ব্যাংককারী খ) আমানতকারী
গ) বিনিয়োগকারী ঘ) ঋণ প্রদানকারী — **খ**

৯৬. ব্যাংকের অন্যতম কার্যাবলি কোনটি? (জ্ঞান) /ইস্পাহানি পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম/

ক) বিনিময় মাধ্যমে সৃষ্টি করা
খ) পণ্য বিক্রয় করা
গ) সেবা বিক্রয় করা ঘ) পণ্য উৎপাদন করা — **ক**

৯৭. ব্যাংক কলামে ক্রেডিট জের কি নির্দেশ করে? (অনুধাবন) /ইস্পাহানি পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম/

ক) ব্যাংক জমাতিরিক্ত উত্তোলন
খ) ব্যাংক জমা উদ্বৃত্ত
গ) ব্যাংক জমা ঘ) নগদ প্রাপ্তির — **ক**

৯৮. ইস্যুকৃত চেক প্রত্যাখ্যাত হলে নগদান বইতে লিখতে হবে? (অনুধাবন) /বরিশাল সরকারি কলেজ/

ক) ডেবিট পার্শ্বে নগদ কলামে
খ) ডেবিট পার্শ্বে ব্যাংক কলামে
গ) ক্রেডিট পার্শ্বে নগদ কলামে
ঘ) ক্রেডিট পার্শ্বে ব্যাংক কলামে — **খ**

৯৯. পাশ বই এর ক্রেডিট ব্যালেন্স দ্বারা আমানতকারীর হিসাবে কী বোঝায়? (জ্ঞান) /বরিশাল সরকারি কলেজ/

ক) ব্যাংক গচ্ছিত অর্থ খ) ব্যাংক জমাতিরিক্ত
গ) ঋণকৃত অর্থ ঘ) চলতি দায় — **ক**

http://teachingbd.com

১০০. ব্যাংক কোন লেনদেনটি ব্যাংক বিবরণীতে ডেবিট করবে? (অনুধাবন) *[রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]*
ⓚ দেনাদার ব্যাংকে টাকা জমা দিলে
ⓚ ব্যাংক সুদ মঞ্জুর
ⓖ চেকের অর্থ পরিশোধ
ⓖ ইস্যুকৃত চেক প্রত্যাখ্যান **গ**

১০১. কোন লেনদেনটি ব্যাংক জমাতিরিক্তের পরিমাণ কমিয়ে দেয়? (অনুধাবন) *[রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]*
ⓚ জমাকৃত চেক প্রত্যাখ্যান
ⓚ চেকের অর্থ আদায়
ⓖ চেকের অর্থ পরিশোধ
ⓖ ব্যাংক সুদ ধার্য **খ**

১০২. পাস বই কে সংরক্ষণ করে? (জ্ঞান) *[নিউ গভ. ডিগ্রি কলেজ, রাজশাহী]*
ⓚ ব্যাংক ⓚ আমানতকারী
ⓖ ম্যানেজার ⓖ দেনাদার **খ**

১০৩. পাস বইয়ের ডেবিট উদ্বৃত্ত দ্বারা কী বোঝায়? (জ্ঞান) *[নিউ গভ. ডিগ্রি কলেজ, রাজশাহী]*
ⓚ ব্যাংকে জমা ⓚ হাতে নগদ
ⓖ ব্যাংক জমাতিরিক্ত ⓖ ব্যাংক জমার উদ্বৃত্ত **ক**

১০৪. দ্বৈত জের অনুযায়ী ব্যাংক বিবরণী ব্যালেন্সের সাথে সমন্বয় হয়— (অনুধাবন) *[আবদুল কাদির মোল্লা সিটি কলেজ, নরসিংদী]*
i. প্রক্রিয়াধীন জমা ii. বকেয়া চেকসমূহ
iii. প্রত্যাখ্যাত চেকসমূহ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii **ঘ**

১০৫. আমানতকারীর নির্দেশ ব্যাংক সরাসরি আদায় করে থাকে — (অনুধাবন) *[ঢাকা কমার্স কলেজ]*
i. বিনিয়োগের সুদ
ii. বিমা কোম্পানি কর্তৃক প্রদত্ত ক্ষতিপূরণ
iii. দেনাদারের নিকট হতে প্রাপ্ত অর্থ
নিচের কোনটি সঠিক?
ⓚ ii ⓚ i ও ii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii **ঘ**

১০৬. নগদান বই ও ব্যাংক বিবরণীর জেরের গরমিলের কারণ হলো — (অনুধাবন) *[খুলনা সরকারি মহিলা কলেজ]*
i. ইস্যুকৃত চেক উপস্থাপিত হয় নি
ii. জমাকৃত চেক আদায় হয় নি
iii. ব্যাংক কর্তৃক সুদ মঞ্জুর
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii **ঘ**

১০৭. ক্রেডিট মেমোরেন্ডাম ইস্যু করা হয় — (অনুধাবন) *[হলি ক্রস কলেজ, ঢাকা]*
i. সার্ভিস চার্জের জন্য ii. সুদ মঞ্জুরের জন্য
iii. প্রাপ্য নোট আদায়ের জন্য
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii **গ**

১০৮. ব্যাংকের মাধ্যমে ৪,০০০ টাকার প্রাপ্য নোট আদায় হলো। এ লেনদেন আমানতকারীর বইতে লিপিবদ্ধকরণে — (অনুধাবন) *[ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ]*
i. ব্যাংক হিসাব ডেবিট হবে
ii. প্রাপ্য নোট হিসাব ক্রেডিট হবে
iii. ব্যাংক হিসাব ক্রেডিট হবে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ ii
ⓖ iii ⓖ i ও ii **ঘ**

১০৯. নগদান বই অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ১৭,৭০০ টাকা। ইস্যুকৃত চেক ৫,০০০ টাকা ব্যাংকে উপস্থাপন হয় নি। ব্যাংক সমন্বয় বিবরণীতে সঠিক প্রয়োগ — (প্রয়োগ) *[শহীদ স্মৃতি কলেজ, মঠবাড়ি, পিরোজপুর]*
i. পাস বইয়ের জেরের সাথে যোগ
ii. নগদান বইয়ের জেরের সাথে যোগ
iii. পাস বইয়ের জের থেকে বিয়োগ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii **খ**

**উদ্দীপকটি পড়ো এবং ১১০-১১১ নং প্রশ্নের উত্তর দাও:**
সুমী ট্রেডার্স এর নগদান বই ও এসবিএসি ব্যাংকের রক্ষিত তার ব্যাংক হিসাবের বিবরণী থেকে নিম্নলিখিত তথ্যাদি পাওয়া যায়—
দেনাদারের নিকট হতে প্রাপ্ত ৫,০০০ টাকা, ৬,০০০ টাকা ও ৭,০০০ টাকার তিনটি চেক ব্যাংকে জমা দেওয়া হলেও হিসাবকাল শেষে প্রথম ও তৃতীয় চেকটি ব্যাংক কর্তৃক আদায় হয়নি। পাওনাদারদের পরিশোধের জন্য ১,০০০ টাকা, ২,০০০ টাকা ও ৩,০০০ টাকার তিনটি চেক ইস্যু করা হলেও ব্যাংকে প্রথম দুটি চেক উপস্থাপিত হয়নি। *[আবদুল কাদির মোল্লা সিটি কলেজ, নরসিংদী]*

১১০. মোট বকেয়া চেকের পরিমাণ কত টাকা? (প্রয়োগ)
ⓚ ১২,০০০ ⓚ ৩,০০০
ⓖ ১৩,০০০ ⓖ ৬,০০০ **খ**

১১১. মোট পরিবহনাধীন জমার পরিমাণ কত টাকা? (প্রয়োগ)
ⓚ ৩,০০০ ⓚ ৬,০০০
ⓖ ৯,০০০ ⓖ ১২,০০০ **ঘ**

http://teachingbd.com